JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/22/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো বাফেলোতে ফ্র্যাঙ্ক লয়েড রাইট এর মার্টিন হাউজ সংস্কার সম্পূর্ণ হওয়ার কথা ঘোষণা করেছেন

দুই শতক ধরে চলা সংস্কারের প্রচেষ্টার প্রকৃত উপাদান হল ঐতিহাসিক ভূভাগ

সংস্কার প্রকল্পটি যুক্তরাষ্ট্রীয় এবং স্টেটের অংশীদারদের থেকে মোট 50 মিলিয়ন ডলারেরও বেশি বিনিয়োগ পাবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ দুই দশকের বেশি সময় ধরে চলতে থাকা এবং জাতীয় ঐতিহাসিক দর্শনীয় স্থান (National Historic Landmark) এবং নিউ ইয়র্ক ঐতিহাসিক স্থান (New York State Historic Site) এ 50 মিলিয়নেরও বেশি বিনিয়োগ পাওয়া সামগ্রিক সংস্কার প্রচেষ্টার চূড়ান্ত উপাদান ফ্র্যাঙ্ক লয়েড রাইটের সংস্কার সম্পূর্ণ হওয়ার কথা ঘোষণা করেছেন-ফ্র্যাঙ্ক লয়েড রাইট হল ডারউইন ডি. মার্টিন হাউজের এস্টেটে ডিজাইন করা ভূভাগ। 1993 সাল থেকে শুরু করে, দি মার্টিন হাউজ, নিউ ইয়র্ক স্টেট থেকে মোট 24 মিলিয়ন ডলার অর্থ সাহায্য পেত, এবং গভর্নর কুওমো 5 মিলিয়ন ডলারের প্রতিশ্রুতি দিয়ে শূণ্যস্থানটি পূরণ করেছেন। ওই চূড়ান্ত তহবিল প্রাথমিকভাবে ঐতিহাসিক ভূভাগ পুনর্গঠনে, এস্টেটে মাধ্যমিক আবাস - বার্টন হাউজ (1903) (Barton House 1903) সংরক্ষণে – এবং মার্টিন হাউজের তৃতীয় তল সংস্কারের কাজ শেষ করতে ব্যবহৃত হয়েছে।

"ডারউইন মার্টিন হাউজ পশ্চিম নিউ ইয়র্কের অন্যতম কিংবদন্তী আকর্ষণ", **বলেছেন গভর্নর কুওমো।** "ঐতিহাসিক ভূভাগটির সংস্কার বাফেলোর উন্নয়নশীল স্থাপত্য-বিষয়ক পর্যটন শিল্পের এই গুরুত্বপূর্ণ অংশে একটি অভূতপূর্ব সংযুক্তি।"

"দি ডারউইন মার্টিন হাউজ, পশ্চিম নিউ ইয়র্কের অসাধারণ স্থাপত্যের ইতিহাস এবং পার্কসাইড অঞ্চলের কাঠামোর অংশ", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল এটি বলেছেন, যিনি আজকের অনুষ্ঠানে ভাষণ দিয়েছেন।** "এই কিংবদন্তী ফ্র্যাঙ্ক লয়েড রাইট ডিজাইনের সংস্কার একটি সামগ্রিক কমিউনিটির দৃষ্টিভঙ্গিকে পরিস্ফুটিত করে এবং স্টেটের বিনিয়োগের ক্ষেত্রে দীর্ঘদিনের একটি সর্বোচ্চ অগ্রাধিকার ছিল। স্টেট তার পুরনো মহিমা পুনরুদ্ধার করার পাশাপাশি, এই অনন্য আকর্ষণ দর্শন করতে সারা পৃথিবী থেকে দর্শনার্থীদের টেনে এনে, এটি বাফেলো সিটি অর্থনৈতিক উন্নয়নের একটি মাধ্যমে পরিণত হবে।"

নির্মাণের পরিবেশ এবং প্রকৃতির মধ্যে ভারসাম্য রক্ষাকারী গঠমূলক স্থাপত্য সৃষ্টি করতে রাইট এর মার্টিন হাউজ হল কিংবদন্তী নকশাকারের দৃষ্টিভঙ্গীর একটি গুরুত্বপূর্ণ নিদর্শন। মার্টিন হাউজ এস্টেটে, একটি সমন্বিত, অন্তর্বর্তী নকশা রচনা করতে বিস্তৃত ভুভাগের সাথে বিবিধ কাঠামো, ব্যাপক আসবাবপত্র এবং সজ্জামূলক উপকরণগুলির সমন্বয় ঘটেছে। ঐতিহাসিক ভূভাগটি এখন সহস্রাধিক ফুলের গাছ, সেই সাথে গাছপালা, গুলম ও আঙুরের গাছ দিয়ে সজ্জিত, যা শৈল্পিক ভাবে বিল্ডিং এবং বাইরের খালি জায়গার মধ্যে একটি অস্পষ্ট সীমারেখা অঙ্কন করেছে।

এই ঐতিহাসিক ভূভাগ 1.5-একর জুড়ে বিস্তৃত একাধিক-আবাসন সিটি এস্টেটের সামগ্রিক তাত্পর্যের একটি গুরুত্বপূর্ণ অবদানমূলক বৈশিষ্ট্যের প্রতিনিধিত্ব করে। রাইট প্রকৃতির সাথে ভারসাম্য রক্ষা করে বাসস্থান তৈরি করেছে। প্রকৃতির থেকে অনুপ্রেরণা লাভ করে, সে বিল্ডিং, অভ্যন্তরীণ সজ্জামূলক উপকরণ এবং বাইরের ভূভাগকে একত্রিত করে একটি সমন্বিত ডিজাইনের দৃষ্টিভঙ্গি গড়ে তুলেছেন। মার্টিন হাউজ ভূভাগ পরিকল্পনা ইংরেজি উদ্যানের ঐতিহ্য এবং ঘরোয়া ভূভাগের উপকরণগুলিকে একত্রিত করেছে। রাইট, মার্টিন হাউজ পরিকল্পনাকে বাড়ির সীমানার বাইরে গাছপালা এবং বাগানগুলির প্রত্যেকটিকে বাইরে থেকে যাতে দেখা যায় এমন স্থানে রপন করেছে এবং শৈল্পিকভাবে ভূভাগটিকে একটি আন্তঃসুন্দর রুপদান করেছে।

রোচেস্টারের বাইরে অবস্থিত, বেয়ার ল্যান্ডস্কেপ আর্কিটেকচার (Bayer Landscape Architecture)কে, ঐতিহাসিক রাইট-ডিজাইনড ভূভাগ সংস্কারের কাজের অগ্রগতি দেখাশুনা করার জন্য নিয়োগ করা হয়েছে যার মধ্যে অন্তর্ভুক্ত:

- স্থানটির স্থাপত্য-বিষয়ক এবং ভূদৃশ্যের বৈশিষ্ট্যগুলির মধ্যে চাক্ষুষ এবং স্থান সংক্রান্ত সম্পর্কগুলির পুনরুদ্ধার।
- রাইটের ভূদৃশ্য পরিকল্পনার সবথেকে যত্নের সাথে ডিজাইন করা উপকরণ হল ফ্লোরিসাইকেলের বিনোদন।
- উদ্ভিজ্জ স্ক্রিনিং উপাদানগুলির প্রতিস্থাপন; প্রাকৃতিক গুল্মের সংহতিসাধন; নির্দিষ্ট কিছু সুন্দর দেখতে লতানো ফুল দিয়ে একটি স্থানকে সজ্জিত করা; আঙুরের গাছ দিয়ে ঝোপ তৈরি করা; দেখতে সুন্দর টব, ঝরনা, এবং বক্সের মধ্যে গাছ লাগানো, এবং চিরজীবী উদ্যান।
- চালাগুলোর পাশ দিয়ে ঝুলে থাকা ইংরেজি সীমান্ত বাগানগুলির পুনঃস্থাপন, যা ঐতিহাসিক স্থানটির সীমানা নির্দেশকারী প্রাকৃতিক গাছপালাগুলির দ্বারা পৃথকীকৃত হবে।
- রাইটের দ্বারা লালিত আউটডোর "কক্ষসমূহ" এবং স্থাপত্য-সংক্রান্ত বাগানের উপকরণগুলির নির্ধারণ।
- পরিণত শতবর্ষের-পুরনো কপার বিচ গাছ—ঐতিহাসিক সময়কালের উদ্ভিজ্জ বৈশিষ্ট্য সমন্বিত অবশিষ্ট মাত্র দুইটির মধ্যে একটির সংরক্ষণ।
- প্রপার্টিটির ঐতিহাসিক অবস্থানগুলির গাছগুলির প্রতিস্থাপন, সেইসাথে বাফেলো সিটির সাথে জিউয়েট পার্কওয়ে এবং সামিট অ্যাভিনিউ এর সীমানা বরাবর পথের পার্শ্ববর্তী গাছগুলি রোপন।

সংস্কারকৃত ভূদৃশ্যটি শিক্ষামূলক কর্মসূচি এবং ভ্রমণের বিশদ ব্যাখ্যার, কমিউনিটি ইভেন্ট এবং প্রকৃতির গুরুত্ব এবং দৈনন্দিন জীবনে তার গুরুত্ব সম্পর্কে বক্তব্য রাখার একটি নতুন উত্স। ভূদৃশ্য প্রকল্পটি সাইট লাইটিং, ওয়েফাইন্ডিং, এবং একটি কোর্টইয়ার্ড এবং ক্যাফে এরিয়াকেও অন্তর্ভুক্ত করেছে।

নিউ ইয়র্ক স্টেট অফিস অব পার্কস, রিক্রিয়েশন এন্ড হিস্টোরিক প্রিজারভেশন এর কমিশনার এরিক কুলেসেইড বলেন, "মার্টিন হাউজ কমপ্লেক্সে (Martin House Complex) গুরুত্বপূর্ণ কাজটি সম্পন্ন করতে অর্থ সাহায্য করার প্রতিশ্রুতির জন্য নিউ ইয়র্ক স্টেট পার্কস (New York State Parks) গভর্নরকে ধন্যবাদ জানায়। পশ্চিম নিউ ইয়র্কের একটি কিংবদন্তী হিসেবে, এই ক্যাম্পাস সারা পৃথিবী থেকে দর্শনার্থীদের আকর্ষণ করে এবং এখন সম্পূর্ণ হওয়ার পরে প্রতি বছর আরও বেশি দর্শনার্থীদের টেনে আনতে সহায়তা করবে। আমরা এই সংস্কারমূলক প্রকল্পটিকে এটি যে উদ্দেশ্যে করা হয়েছে সেই প্রকৃত অভিজ্ঞতায় রূপান্তরিত করতে আমরা একটি দীর্ঘস্থায়ী অংশীদারীত্বের অপেক্ষায় থাকব।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হাওয়ার্ড যেমস্কি বলেন, "বাফেলো বিলিয়ন (Buffalo Billion) এর পর্যায় II, ডারউইন মার্টিন হাউজের (Darwin Martin House) প্রাঙ্গন এবং উদ্যানগুলিকে সম্পূর্ণরূপে সংস্কার করতে 20 বছরেরও বেশি সময় নিয়ে এবং আগামী বছরগুলির জন্য সিটিতে দর্শনার্থীদের সমাগম নিশ্চিত করে, বাফেলোর এই সম্পদে পুনরায় জীবনের সঞ্চার করেছে।"

মার্কিন কংগ্রেসম্যান ব্রায়ান হিগিন্স বলেন, "আমরা অত্যন্ত আনন্দিত যে সুপ্রসিদ্ধ ফ্র্যাঙ্ক লয়েড রাইটের মার্টিন হাউজ, পশ্চিম নিউ ইয়র্কের সর্বাধিক উল্লেখযোগ্য স্থাপত্য সংক্রান্ত কাজটি সম্পূর্ণ হয়েছে। স্টেট এবং যুক্তরাষ্ট্রীয় অংশীদারদের সহায়তার জন্য ধন্যবাদ, কয়েক যুগ ধরে চলতে থাকা প্রকল্পটি নিউ ইয়র্কবাসী এবং আমাদের অঞ্চলে আগত দর্শনার্থীরা সম্পূর্ণরূপে উপভোগ করতে পারবে।"

স্টেট সিনেটর ক্রিস জ্যাকবস বলেন, "ডারউইন মার্টিন হাউজ, বাফেলো সিটি এবং পশ্চিম নিউ ইয়র্কের স্থাপত্য-বিষয়ক পর্যটন শিল্পের জন্য এটি একটি পরম আনন্দের দিন। আমার সেনেট ডিস্ট্রিক্টে এর মতো একটি বিশ্বমানের আকর্ষণ থাকাটা একটি বিশেষ অধিকার এবং এই সুন্দর দিনটিকে বাস্তব রূপ দান করতে গত দুই যুগ ধরে এই অর্থবহ ভূমিকা পালনকারী সমস্ত সহযোগীদের আমি সাধুবাদ জানাই।"

অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল দি. পিপলস-স্টোকস বলেন, "এখন ডারউইন মার্টিন হাউজের সংস্কার সম্পূর্ণ হয়ে গেছে বলে, আমি আশা করব আরও বেশি মানুষ পশ্চিম নিউ ইয়র্কের স্থাপত্য বিষয়ক অমূল্য সম্পদগুলি দেখতে আসবে। এই প্রকল্পটির সম্পূর্ণকরণ নিশ্চিত করতে গভর্নর কুওমোর অবিরত সহায়তার জন্য আমরা তার কাছে কৃতজ্ঞ।"

কাউন্টি নির্বাহী মার্ক সি. পোলনকারজ বলেন, "ফ্র্যাঙ্ক লয়েড রাইট, তার দর্শনমূলক স্থাপত্যের সাথে ভূদৃশ্য এবং প্রকৃতিকে এক করে দেওয়া, ভিতরেই বাইরের প্রকৃতির অনুভূতি নিয়ে আসার

স্থান সৃষ্টি করে এবং দর্শনার্থীদের একটি স্নিগ্ধ এবং প্রাকৃতিক পরিবেশে গড়ে তোলার লক্ষ্য রেখেছে। ডারউইন মার্টিন হাউজ কমপ্লেক্স সম্পর্কে স্থপতির প্রকৃত দৃষ্টিভঙ্গী এই প্রাঙ্গনগুলির ভূদৃশ্যের সম্পূর্ণকরণের সাথে এখন সম্পূর্ণ অনুভূত হয়েছে, এবং তার প্রভাবগুলি অসাধারণ। এরি কাউন্টি এই অনন্য, আন্তর্জাতিক-খ্যাতি সম্পন্ন স্থাপত্য-বিষয়ক সম্পদের সংস্কারে সহযোগিতা করার জন্য গর্বিত যা আগের থেকেও এখন আরও বেশি দর্শনার্থীদের আকর্ষণ করবে।"

বাফেলোর মেয়র বায়রন ডাব্লিউ. ব্রাউন বলেছেন, "বাফেলো 20 শতকের সবথেকে বিখ্যাত স্থাপত্যগুলির মধ্যে কয়েকটির দ্বারা প্রভাবিত এবং গঠিত হয়েছে। এখন সংস্কার প্রকল্পটি শেষ হয়ে গেছে, গভর্নরের সহায়তার জন্য ধন্যবাদ, বাফেলোর স্থাপত্য-বিষয়ক ইতিহাস এখনও আরও বেশি মনোযোগ আকর্ষণ করবে।"

মার্টিন হাউজ বোর্ড প্রেসিডেন্ট কেভিন আর. ম্যালকফ বলেন, "আমরা সম্মানিত যে মার্টিন হাউজ হল নিউ ইয়র্ক স্টেটের একটি ঐতিহাসিক স্থান, এবং, অর্থপূর্ণভাবে, স্টেটের 36টি ঐতিহাসিক স্থানগুলির মধ্যে প্রথম 20 শতকের স্থাপত্য-বিষয়ক উপস্থাপনা। স্টেট গ্র্যান্ট ফান্ডের মাধ্যমে সংস্কারের ক্ষেত্রে নিউ ইয়র্কের পূর্ববর্তী বিনিয়োগ আমাদের সাফল্যে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে এবং বোর্ডের সাথে একটি দীর্ঘমেয়াদী সহযোগিতামূলক ব্যবস্থাপনার চুক্তিতে প্রবেশ করার জন্য স্টেটের অঙ্গীকার যা, অংশত, মার্টিন হাউজে দীর্ঘমেয়াদী মূলধনী বিনিয়োগ প্রদান করেছে, যেটি আনন্দিত হওয়ার আরও একটি কারণ।"

বেয়ার ল্যান্ডস্কেপ আর্কিটেকচার প্রিন্সিপাল মার্ক এইচ. বেয়ার বলেন: "এই প্রকল্পটির সম্পূর্ণকরণ, আট যুগেরও বেশি সময় ধরে হারিয়ে যাওয়া অনির্বচনীয় ভূদৃশ্যগুলিকে আবার ফিরিয়ে এনে, ডারউইন মার্টিন হাউজের প্রাঙ্গনগুলিতে আমূল পরিবর্তন নিয়ে এসেছে। এই সংস্কার করা উদ্যান, ফ্র্যাঙ্ক লয়েড রাইট এই প্রপার্টিটির জন্য মার্টিনদের সাথে যা শেয়ার করেছেন, দর্শনার্থীদের আরও একবার তার অভিজ্ঞতা করার সুযোগ প্রদান করে – একটি দর্শন যেখানে বিল্ডিং এবং প্রকৃতি সম্পূর্ণরূপে একীভূত হয়।"

মার্তিন হাউজ এক্সিকিউটিভ ডিরেক্টর মেরি রবার্টস বলেন, "একটি কমিউনিটি যখন গুরুত্বপূর্ণ কিছু অর্জনের লক্ষ্যে বদ্ধ পরিকর হয় তখন তারা কী করতে পারে এটি তারই প্রতীক। একটি কমিউনিটি যখন গুরুত্বপূর্ণ কিছু অর্জনের লক্ষ্যে বদ্ধ পরিকর হয় তখন তারা কী করতে পারে এটি তারই প্রতীক। স্থাপত্য, শৈলি এবং ভূদৃশ্যের এই সেরা শিল্পকর্মের জন্য ফ্র্যাঙ্ক লয়েড রাইটের দর্শন পুনরুদ্ধার এবং পুনরায় সৃষ্টি করতে আমাদের সহায়তা করার জন্য নিউ ইয়র্ক স্টেট এবং আমাদের সকল অংশীদারদের ধন্যবাদ জানাই।"

ফ্র্যাঙ্ক লয়েড রাইট সম্পর্কে (আমেরিকান, 1867–1959)

ফ্র্যাঙ্ক লয়েড রাইট ছিলেন 20 শতকের স্থাপত্য এবং শৈলির ক্ষেত্রে অন্যতম সর্বাধিক গুরুত্বপূর্ণ ব্যক্তি হিসেবে আন্তর্জাতিক ভাবে স্বীকৃত ব্যক্তিত্ব। মধ্যপশ্চিম প্রেইরিরে খোলা ভূদৃশ্যের উপর ভিত্ত করে আমেরিকান স্থাপত্যের একটি নতুন ধরণ তৈরি করতে তার দর্শনের জন্য তার সহজাত সৃজনশীল ক্ষমতা প্রসিদ্ধ। রাইট নির্মিত পরিবেশের সাথে প্রকৃতিকে বাস্তবিকভাবে এবং আত্মিকভাবে সংযুক্ত করার দ্বারা স্থান সম্পর্কিত চিরাচরিত ধারণাকে পুনরায় সংজ্ঞায়িত করেছেন। তিনি তার

"প্রেইরি স্টাইল" বাড়ি, দক্ষ অফিস বিল্ডিং, এবং সৃজনশীল আসবার এবং সজ্জামূলক ডিজাইনগুলির জন্য সর্বাধিক পরিচিত। 2019 সালের জুলাইতে, রাষ্ট্রসংঘের শিক্ষামূলক, বৈজ্ঞানিক এবং সাংস্কৃতিক সংস্থা (United Nations Educational, Scientific and Cultural Organization, UNESCO), *বিশ্বের ঐতিহ্যের তালিকায় ফ্র্যাঙ্ক লয়েড রাইটের বিংশ শতকের স্থাপত্যকে* অন্তর্ভুক্ত করার জন্য ভোট দিয়েছেন। রাইটের ডিজাইন করা মার্টিন ভূদৃশ্যের একটি ছবি এখানে দেখুন। সাইট প্ল্যান এবং ছবিগুলি এখানে দেখুন।

মার্টিন হাউজ সম্পর্কে

ফ্র্যাঙ্ক লয়েড রাইটের মার্টিন হাউজ কমপ্লেক্স রাইটের উল্লেখযোগ্য পৃষ্ঠপোষক এবং বন্ধু, ডারউইন ডি. মার্টিনের জন্য স্থাপত্য বিষয়ক সম্পদের পীঠভূমি, নিউ ইয়র্কের, বাফেলোতে নির্মিত একটি বিশ্বমানের সেরা শিল্পকর্ম। এই জাতীয় ঐতিহাসিক কিংবদন্তী সংরক্ষণ, ব্যাখ্যা, উন্নয়ন এবং বাফেলো সিটি, এরি কাউন্টি এবং সমগ্র নিউ ইয়র্ক স্টেটের জন্য এটি যে অর্থবহ শিক্ষামূলক এবং অর্থনৈতিক সুবিধার উপস্থাপনা করে,দি মার্টিন হাউজ রিস্টোরেশন কর্পোরেশন (Martin House Restoration Corporation) তার নিউ ইয়র্ক স্টেট ঐতিহাসিক স্থানের সহায়তার জন্য নিবেদিত।

ডি ডারউইন মার্টিন হাউজ কমপ্লেক্স, ফ্র্যাঙ্ক লয়েড রাইটের প্রেইরি হাউজের আদর্শের দৃষ্টান্তস্বরূপ এবং রাইটের সূক্ষতম আবাসনের নক্সার মধ্যে অন্যতম শ্রেষ্ঠ। লার্কিন সোপ কোম্পানি এক্সিকিউটিভ ডারউইন ডি. মার্টিনের জন্য ডিজাইন করা এবং 1903 থেকে 1905 সালের মধ্যে নির্মিত, কমপ্লেক্সটি একটি অভূতপূর্ব নির্মাণ যাতে আছে মার্টিন হাউজ, মার্টিনের বোনের জন্য নির্মিত, তুলনামূলক ছোটো বার্টন হাউজ, চালকের অ্যাপার্টমেন্ট সহ ক্যারেজ হাউজ, মালির জন্য একটি কটেজ (1908 সালে সংযুক্ত হয়েছে), এবং প্রধান বাড়িটির সাথে একটি 100-ফুট বীথিকুঞ্জ দ্বারা লতায় ছাওয়া আচ্ছাদন দ্বারা সংযুক্ত একটি অনির্বচনীয় কাঁচের ছাদযুক্ত গাছপালা রক্ষা করার ঘর।

মার্টিন হাউজ সারা বছর খোলা থাকে এবং বিভিন্ন ধরণের ভ্রমণ, শিক্ষামূলক, বিশেষ ইভেন্ট এবং রেন্টাল প্রোগ্রামগুলির প্রস্তাব করে এবং সাইটে একটি মিউজিয়াম স্টোর এবং ক্যাফে অপারেট করে। গুরুত্বপূর্ণ তথ্য www.martinhouse.org এ বা 716-856-3858 নম্বরে ফোন করে পাওয়া যাবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন